

প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক ই-লার্নিং প্রশিক্ষণ কোর্স Project Management and Appraisal Process (1st Batch)

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্মকর্তাদের প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ কোর্স আয়োজন করে থাকে। বর্তমানে দেশের আর্থ সামাজিক উন্নয়ন লক্ষ্যমাত্রা Vision 2021 এবং Vision 2041 বাস্তবায়নের লক্ষ্যে দেশ আজ উন্নয়নের মহাসড়কে ধাবমান। এ লক্ষ্য পূরণের অন্যতম অনুষ্ণ হলো কার্যকর প্রকল্প ব্যবস্থাপনা। বর্তমানে সকল কর্মকর্তাকেই প্রকল্প ব্যবস্থাপনার দায়িত্ব পালন করতে হবে। এ জন্য প্রয়োজন প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে সঠিক ও সুষ্ঠু জ্ঞান ও দক্ষতা। বর্তমানে প্রকল্পের সংখ্যা অধিকহারে বৃদ্ধি পাচ্ছে কিন্তু প্রকল্পের জ্ঞানসমৃদ্ধ দক্ষ কর্মকর্তার সংখ্যা বাড়ছে না। ফলে প্রকল্প যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় না। বর্তমানে এমন কোন অফিস বা কর্মকর্তা নেই যিনি কোন না কোনভাবে প্রকল্পের সাথে জড়িত নন, কিন্তু ডিপিপি প্রণয়ন সম্পর্কে তাদের অনেকের কোন ধারণাই নেই। এ লক্ষ্য পূরণের উদ্দেশ্যে এবং দিবা কোর্সে কর্মকর্তাগণের অংশগ্রহণ সমস্যা হয়, তা বিবেচনা করে প্রকল্প ব্যবস্থাপনায় জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি ই-লার্নিং এর মাধ্যমে একটি কার্যকর প্রশিক্ষণ কোর্স শুরু করেছে। “Project Management and Appraisal Process - 1st Batch” শীর্ষক ৫ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ কোর্সটি আগামী ১৮ এপ্রিল, ২০২০ থেকে ১৮ মে, ২০২০ মেয়াদে অনুষ্ঠিত হবে। কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো :

- (ক) কোর্সের উদ্দেশ্য : ০১. To equip the participants with conceptual and administrative framework of development planning with reference to Bangladesh;
০২. To conceptualize the participants with existing procedures, practices, rules and methods of project planning and management;
০৩. To upgrade the technical competence of the participants in project formulation, appraisal, implementation, monitoring and evaluation.
- (খ) প্রশিক্ষণার্থীর পর্যায় : ✓ প্রকল্প বিষয়ে আগ্রহী যে কোন ব্যক্তি বা কোন সরকারি/ আধাসরকারি/ NGO/ স্বায়ত্বশাসিত/ সংস্থার কর্মকর্তা।
- (গ) কোর্স ফি : কোর্স ফি নাই(সবার জন্য উন্মুক্ত)
- (ঘ) পাঠ্যসূচি : Module 1: Conceptual and Administrative Framework of Development Planning
Module 2: Planning, Formulation and Financing of Projects
Module 3: Project Appraisal
Module 4: Project Implementation
Module 5: Project Monitoring and Evaluation
- (ঙ) পাঠ্যক্রমের মেয়াদ : ১৮ এপ্রিল, ২০২০ থেকে ১৮ মে, ২০২০
- (চ) মনোনয়ন প্রক্রিয়া : অনলাইন রেজিস্ট্রেশন (<http://napd.muktopaath.gov.bd>)। অনলাইন রেজিস্ট্রেশন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার অনলাইন রেজিস্ট্রেশন চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ছ) এখন প্রত্যেকটি অফিসই কোন না কোন প্রকল্পের কাজের সাথে যুক্ত কিন্তু অধিকাংশ কর্মকর্তার প্রকল্প জ্ঞান না থাকায় প্রকল্প সন্তোষজনকভাবে সমাপ্ত করা যায় না। অনলাইন বেজড কোর্সটি ই-লার্নিং পদ্ধতিতে পরিচালিত হবে বিধায় এতে অফিসের কাজে বিঘ্ন ঘটান কোন সম্ভাবনা নেই। যে কোন স্থান থেকেই (বাসস্থান বা অফিসে) কোর্সটি সম্পন্ন করা যাবে।

কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য যোগাযোগ

কোর্স পরিচালক মোহাম্মদ হাসান তারিক (ফোন: ৯৬৭২৩৫৭, ইমেইল: dir.research@napd.gov.bd) অথবা
কোর্স সমন্বয়ক-১ মো: মঈনুল হাসান চৌধুরী (মোবাইল: ০১৭১১৩১১৯৩৩, ই-মেইল: ddadmn@napd.gov.bd) অথবা
কোর্স সমন্বয়ক-২ মো: নুরুল আমিন (০১৮১৮৩৫৭৭৮২, ইমেইল: ap@napd.gov.bd) এর সাথে
অফিস সময়ে যোগাযোগ করা যেতে পারে।